জামিন পেতে হাইকোর্টে আবেদন করেছেন মেজর (অব.) আখতারুজ্জামান



ছবি: সংগৃহীত

কারাগার থেকে মুক্তি পেতে হাইকোর্টের দ্বারস্থ হয়েছেন সাবেক সংসদ সদস্য ও জামায়াত নেতা মেজর (অব.) আখতারুজ্জামান। রোববার (১ নভেম্বর) বিচারপতি কে এম জাহিদ সরওয়ার কাজল ও বিচারপতি মো. জাকির হোসেনের সমন্বয়ে গঠিত হাইকোর্ট বেঞ্চে তাঁর আবেদনের ওপর শুনানি হওয়ার কথা রয়েছে।

সিনিয়র আইনজীবী শিশির মনির বিষয়টি নিশ্চিত করে জানান, রোববার তাঁরা জামিনের পক্ষে আদালতে শুনানি করবেন। এর আগে ২৬ অক্টোবর ঢাকার অতিরিক্ত মহানগর দায়রা জজ আদালত-৫-এর বিচারক মো. সাদেকীন হাবিব বাপ্পী তাঁর জামিনের আবেদন খারিজ করেন।

গত ২ অক্টোবর বিকেলে রাজধানীর ক্যান্টনমেন্টের ডিওএইচএস এলাকার বাসা থেকে আখতারুজ্জামানকে আটক করে ডিবি পুলিশ। পরদিন জিজ্ঞাসাবাদের জন্য আদালত তাঁর এক দিনের রিমান্ড মঞ্জুর করেন। রিমান্ড শেষে ৪ অক্টোবর জামিন আবেদন নাকচ করে তাঁকে কারাগারে পাঠানোর নির্দেশ দেন আদালত।

মামলার অভিযোগে বলা হয়েছে, গত ১ অক্টোবর বিমানবন্দরে অব্যবস্থাপনা, লাগেজ ট্রলির সংকট, লাগেজ পেতে দেরি এবং জমজমের পানি না পাওয়াকে কেন্দ্র করে উত্তেজনাকর পরিস্থিতির সৃষ্টি হয়।